অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/21/2024 **গভর্নর ক্যাথি হোকল**

ক্যাম্পিং মৌসুমকে সামনে রেখে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের পার্কসমূহে জননিরাপত্তা উন্নত করার জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে প্রদত্ত 53 মিলিয়ন মার্কিন ডলারের উপর আলোকপাত করলেন

তহবিল স্টেটের পার্ক এবং ক্যাম্পগ্রাউন্ডে সার্বিক নিরাপত্তা উন্নয়ন করবে

নিরাপত্তা উন্নয়নের মধ্যে থাকবে বেড়া এবং বাতির ব্যবস্থার উন্নয়ন এবং একই সাথে ক্যামেরা ও লাইসেন্স প্লেট সনাক্তকরণ সরঞ্জাম স্থাপন

এছাড়াও শিশুদেরকে ব্যক্তিগত নিরাপত্তার গুরুত্ব স্মরণ করিয়ে দেওয়ার জন্য গভর্নর হোকল জুনিয়র রেঞ্জার জননিরাপত্তা ক্যাম্পেইন শুরু করলেন

ক্যাম্পেইনের সাইনেজের ছবি এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেট পার্কসমূহে জননিরাপত্তা উন্নত করার জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে নিশ্চিত করা সর্বোচ্চ 53 মিলিয়ন মার্কিন ডলারের উপর আলোকপাত করলেন। এই তহবিলটি স্টেটের পার্ক ও ক্যাম্পগ্রাউন্ডে ভবিষ্যতের নিরাপত্তা উন্নয়নকে সমর্থন করবে, যার মধ্যে থাকবে বেড়া এবং বাতির ব্যবস্থার উন্নয়ন এবং একই সাথে সিকিউরিটি ক্যামেরা এবং লাইসেন্স প্লেট সনাক্তকরণ ব্যবস্থা স্থাপন। এছাড়াও গভর্নর এই গ্রীষ্মকালে নিউ ইয়র্ক স্টেট পার্কসমূহে একটি "জুনিয়র রেঞ্জার" নিরাপত্তা শিক্ষা ক্যাম্পেইন শুরুর ঘোষণা করেছেন যেখানে শিশুদের তিনটি কেন্দ্রীয় ব্যক্তিগত নিরাপত্তার ধারণা স্মরণ করিয়ে দেওয়া হবে: আউটডোরে ঘুরে বেড়ানোর সময় একটি বন্ধু ব্যবস্থা ব্যবহার করা; একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ককে নিজেদের পরিকল্পনা জানিয়ে রাখা; এবং প্রয়োজন হলে পার্কের কর্মীদের থেকে সাহায্য চাওয়া।

"নিউ ইয়র্কের বিশ্বমানের স্টেট পার্কসমূহে আরো বেশি মানুষ বেড়াতে আসছে, তাই আমরা প্রত্যেক দর্শনার্থীর জন্য নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা আমার প্রথম অগ্রাধিকার। এই নিরাপত্তা শিক্ষা ক্যাম্পেইন এবং অতি গুরুত্বপূর্ণ নিরাপত্তা উন্নয়নের মাধ্যমে আমরা ঘটনা ঘটা প্রতিরোধ করতে সাহায্য করবো এবং কোনো জরুরি পরিস্থিতিতে সাড়াদান করার জন্য আমরা যাতে প্রস্তুত থাকি তা নিশ্চিত করতে পারবো।"

পার্কের কর্মকাণ্ডের সকল কর্মীকে সক্রিয়ভাবে দর্শনার্থীদের জড়িতকরণ, হারানো ব্যক্তির ক্ষেত্রে সাড়াদান, এবং মানব পাচার সচেতনতার উপর একটি নতুন সার্বিক প্রশিক্ষণ প্রদান করা হবে। পার্ক রেঞ্জারদের জন্য একটি বিদ্যমান হারানো ব্যক্তি প্রশিক্ষণের উপর ভিত্তি করে তৈরি প্রশিক্ষণটি সকল কর্মীকে বেড়াতে আসা মানুষের কাছে আরো দৃশ্যমান হতে উৎসাহিত করবে এবং নিশ্চিত করবে যাতে মানুষের সম্মুখীন হতে হয় এমন পদে কাজ করা সকলে যাতে হারানো ব্যক্তির ক্ষেত্রে কী করতে হবে এবং মানব পাচারের লক্ষণ সম্পর্কে অবগত থাকে।

নিরাপত্তা উন্নয়ন প্রকল্পের পরিকল্পনার জন্য নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) উপস্থিতির ডেটা, সাইটের পরিস্থিতি, এবং স্টেটজুড়ে পার্কসমূহে সার্ভিস কলসমূহের বিশ্লেষণ করেছে। এজেন্সি 90টির বেশি সম্ভাব্য প্রযুক্তি প্রকল্পকে সনাক্ত করেছে, যার মধ্যে রয়েছে ফ্যাসিলিটিগুলিতে লাইসেন্স প্লেট সনাক্তকরণ ব্যবস্থা এবং সিকিউরিটি ক্যামেরা স্থাপন, এবং সেগুলির ব্যবহার সমর্থন করার জন্য নেটওয়ার্ক সংযোগ অবকাঠামোর উন্নয়ন, এবং সেই সাথে বেড়া ও বাতি স্থাপন করার জন্য 20টির বেশি প্রকল্প।

জুনিয়র রেঞ্জার কর্মসূচিতে কার্টুন চরিত্র থাকবে যারা তিনটি কেন্দ্রীয় নিরাপত্তার ধারণার উপর জোর প্রদান করবে। সকল ক্যাম্পগ্রাউন্ড, প্রাকৃতিক কেন্দ্র, খেলার মাঠ, এবং সুইমিং পুলে সাইন পোস্ট করা হবে। আস্থা গঠন করার জন্য এবং কর্মীদের সাথে সম্বন্ধ স্থাপন করার জন্য শিশুদেরকে পার্ক রেঞ্জারদের কাছে স্টিকার চাওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। এই কর্মসূচিটি শিশু ও পরিবারের জন্য শিক্ষামূলক কর্মসূচি এবং একটি ওয়েব উপাদানসহ একটি সার্বিক বিনোদনমূলক নিরাপত্তা সচেতনতা কর্মসূচি হয়ে উঠার জন্য বিকশিত হতে থাকবে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "দর্শনার্থীদের নিরাপত্তা হলো আমাদের শীর্ষ চিন্তা, এবং এইসব প্রকল্পের পরিকল্পনা করতে এজেন্সির কর্মীরা পুরো শীতকাল অধ্যবসায়ের সাথে কাজ করেছে। আমাদের পার্কে প্রদত্ত শিক্ষামূলক বিষয়ের মধ্যে জুনিয়র রেঞ্জার কর্মসূচিকে যোগ করার জন্য আমরা উন্মুখ। নিরাপত্তা উন্নয়নসমূহ আমাদের ক্যাম্পগ্রাউন্ডকে সুরক্ষিত রাখবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের জন্য মূল্যবান ক্যাম্পিং অভিজ্ঞতাকে সংরক্ষণ করবে বলে আমরা আত্মবিশ্বাসী।"

OPRHP এছাড়াও পার্ক পুলিশের র্যাঙ্ক বলীয়ান করার জন্য পার্ক পুলিশ (Park Police) প্রশিক্ষণ একাডেমির সময়সূচিকে ত্বরান্বিত করছে। এপ্রিলের শুরুতে একাডেমি থেকে 20 জন অফিসার গ্র্যাজুয়েট করে এবং কোনো অভিজ্ঞ অফিসারের পৃষ্ঠপোষকতার অধীনে তাদের প্রশিক্ষণ শেষ করার জন্য তারা বর্তমানে স্টেটজুড়ে বিভিন্ন ফিল্ড অ্যাসাইনমেন্টে জড়িত আছে। পরবর্তী প্রশিক্ষণ একাডেমি জুন মাসে শুরু হবে, এবং ছয় মাস স্থায়ী হবে।

নিউ ইয়র্ক পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ইত্যাদি অনেক কিছুর তত্ত্বাবধান করে, 2023 সালে এইসব স্থানে রেকর্ড 84 মিলিয়ন বার মানুষ বেড়াতে এসেছে। এর মধ্যে যেকোনো বিনোদন এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। পুরো

2024 সালে আমাদের শতবর্ষ উদযাপন করতে আমাদের সাথে যোগদান করুন এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, X (পূর্বে টুইটার), এবং OPRHP ব্লগে আমাদের সাথে সংযুক্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন